অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/20/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউইয়র্ক স্টেট শ্রম দপ্তর অতিমারীর কারণে বেকারত্বে সহায়তার জন্য আবেদন করতে প্রথমে যে বেকারত্ব বিমার জন্য আবেদন করতে হত তা না করেই নিউ ইয়র্কবাসীদের জন্য নতুন স্ট্রিমলাইন্ড আবেদন লঞ্চ করেছে

দুর্বহ যুক্তরাষ্ট্রীয় নীতি যা নিউইয়র্কবাসীদের কাছে সুবিধাবলী বন্টনের ব্যবস্থাকে শ্লথ করে তুলত তা প্রত্যাহার করা হয়েছে

সকালের এই উন্নত আবেদন প্রক্রিয়া প্রকাশের সাথে সম্মিলিতভাবে, এই উন্নত প্রক্রিয়ায় বেকারত্ব সুবিধার সম্পর্কিত প্রশ্নাবলীর উত্তর দেওয়ার জন্য, শ্রম দপ্তরের (DOL) 3,100 এরও বেশি সম্পূর্ণ নিবেদিত প্রতিনিধি প্রয়োজন

COVID-19 সংকটটি শুরু হওয়ার সময় থেকে শ্রম দপ্তর 1.1 মিলিয়ন নিউইয়র্কবাসীদের 2.2 বিলিয়ন ডলার বেকারত্ব সংক্রান্ত সুবিধা প্রদান করেছে

4/8 এর আগে আবেদনের কলের ব্যাকলগ ছিল 275,000, তা এখন 4,305 এ কমিয়ে আনা হয়েছে

নিউইয়র্ক স্টেট শ্রম দপ্তর (Department of Labor, DOL) গতানুগতিক বেকারত্ব বিমা বা নতুন COVID-19 অতিমারীর কারণে হওয়া বেকারত্বের সহায়তার জন্য নিউইয়র্কবাসীদের সহায়তা করতে আজ একটি নতুন আবেদন প্রক্রিয়া লঞ্চ করার কথা ঘোষণা করেছে। বেকারত্ব জনিত সুবিধাবলীর জন্য এই ওয়ান-স্টপ-শপটি নিউইয়র্কবাসীদের তাদের অবিলম্বে যে সুবিধাগুলি পাওয়ার কথা সেগুলির সাথে সংযুক্ত করবে, এবং তার জন্য তাদেরকে শ্রম দপ্তরে ফোন করারও প্রয়োজন হবে না।

আজকের আগে, দুর্বহ যুক্তরাষ্ট্রীয় নির্দেশিকার কারণে, নিউইয়র্কবাসীদের নিয়মিত বেকারত্ব বিমার জন্য আবেদন করতে হত এবং অতিমারী সংক্রান্ত বেকারত্বের কারণে সহায়তা পাওয়ার জন্য আবেদন করার আগে প্রত্যাখাত হতে হত। আপডেট হওয়া যুক্তরাষ্ট্রীয় নীতির সাথে সংগত এই নতুন আবেদনের মাধ্যমে, সঠিক সুবিধাবলী পাওয়ার জন্য নিউইয়র্কবাসীদের শুধু একটি ফর্ম পূরণ করলেই হবে।

সকালে এই উন্নত আবেদন প্রক্রিয়া ঘোষণার সাথে সাথে, শ্রম দপ্তর (DOL) সপ্তাহের সাত দিনের জন্য বেকারত্ব সংক্রান্ত সুবিধাবলীর প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য 3,100 এরও বেশি সম্পূর্ণ নিবেদিত প্রতিনিধি নিয়োগ করছে। কর্মীসংখ্যা অতিমারীর আগে DOL কল সেন্টারের কর্মী সংখ্যা 400 এর থেকে বাড়িয়ে এই সংখ্যায় আনা হয়েছে।

COVID-19 সংকটটি শুরু হওয়ার সময় থেকে শ্রম দপ্তর 1.1 মিলিয়ন নিউইয়র্ক বাসীদের প্রায় 2.2 বিলিয়ন ডলার বেকারত্ব সংক্রান্ত সুবিধা প্রদান করেছে ৪ই এপ্রিল এর আগে আবেদনের কলের ব্যাকলগ ছিল 275,000, যা 4,305 এ কমিয়ে আনা হয়েছে।

"আমি আগে বেকার ছিলাম, তাই, নিউইয়র্কবাসীরা যে দুর্দশা, ভয় এবং দুশ্চিন্তার সম্মুখীন, আমি নিজে তা উপলব্ধি করি। DOL এর লক্ষ্য হল আমাদের নাগরিকদের, তাদের কঠিন সময়ে সহায়তা করা, এবং গত সপ্তাহে আমরা আমাদের সিস্টেম আপডেট করার ক্ষেত্রে দারুণ অগ্রগতি করেছি, " **নিউইয়র্ক স্টেট শ্রম দপ্তরের কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেছেন।** "যখন মনে হচ্ছে যে করোনাভাইরাস অতিমারীটি থিতিয়ে আসা শুরু করেছে - অন্তত জনস্বাস্থ্যের নিরীখে - আমরা জানি যে বহু নিউইয়র্কবাসী একটি অনিশ্চিত অর্থনৈতিক ভবিষ্যতের সম্মুখীন হচ্ছেন, এবং নিউইয়র্কবাসীদের এই প্রতিকূল অবস্থার মোকাবেলা করতে সহায়তা করার জন্য শ্রম দপ্তর উপলভ্য প্রতিটি সংস্থানকে নিবেদন করা অবিরত রাখবে।"

এখানে উপলভ্য, আপডেট করা বেকারত্ব সুবিধাবলীর আবেদন পদ্ধতিটি, কোন বেকারত্ব কর্মসূচির জন্য - বেকারত্ব বিমা না অতিমারীর কারণে হওয়া বেকারত্বে সহায়তা - নিউইয়র্কবাসীরা আবেদন করবেন তা নির্ধারণ করবে এবং তারপর তাদের একটি নির্দিষ্ট প্রশ্নাবলীর উত্তর দিতে প্রণোদিত করবে। COVID-19 অতিমারীর কারণে নতুন দাবিগুলির অত্যন্ত দ্রুত এবং অপ্রত্যাশিত বৃদ্ধি সামলাতে সহায়তা করার জন্য, দপ্তরের দ্বারা শুক্রবার, 10ই এপ্রিল, প্রকাশ করা অ্যাপ্লিকেশনটি, স্টেটের তথ্য প্রযুক্তি পরিষেবা কার্যালয় (State Office of Information Technology Services) এবং গুগুল ক্লাউড (Google Cloud) এর সহযোগিতায়, নতুন অনলাইন পদ্ধতির উপর নির্মিত হয়েছে।

অতিমারীর কারণে হওয়া বেকারত্বে সহায়তা (Pandemic Unemployment Assistance, PUA) কর্মসূচি, যাকে যুক্তরাষ্ট্রীয় করোনাভাইরাস সহায়তা, ত্রান, এবং অর্থনৈতিক সুরক্ষা (Coronavirus Aid, Relief, and Economic Security, CARES) আইনে অন্তর্ভুক্ত করা হয়েছে, তা গতানুগতিক বেকারত্ব বিমার জন্য অযোগ্য ব্যক্তিবর্গকে বেকারত্ব সংক্রান্ত সুবিধাবলী প্রদান করে। PUA এর মধ্যে যারা অন্তর্ভুক্ত তাদের উদাহরণ:

- স্ব-নিয়োজিত নিউইয়র্কবাসী;
- স্বাধীন কন্ট্রাক্টর;
- একটি অ্যাপ-ভিত্তিক কোম্পানির (যেমন, "gig কর্মীবৃন্দ") জন্য কাজ করা নিউইয়র্কবাসীগণ
- কৃষক;

- যাদের COVID-19 নির্ণীত হয়েছে বা যাদের COVID-19 উপসর্গ আছে এবং রোগ নির্ণয় করতে চাইছেন;
- যারা COVID-19 নির্ণীত হওয়া একজন পরিবার বা বাড়ির সদস্যের সাথে বসবাস করছেন;
- যারা COVID-19 দ্বারা আক্রান্ত, পরিবার বা পরিবারের সদস্যের পরিচর্যা প্রদান করছেন;
- COVID-19 এর জন্য স্কুল বা অন্য ফেসিলিটিতে যেতে না পারা একটি শিশুর একজন প্রাথমিক পরিচর্যাকারী;
- যারা COVID-19 কারণে একটি আরোপিত কোয়ারান্টাইনের জন্য, অথবা চিকিৎসা প্রদানকারী দ্বারা স্ব-আরোপিত কোয়ারান্টাইনের পরামর্শ অনুযায়ী কাজে যেতে পারছেন না;
- যাদের নতুন চাকরিতে যোগ দেওয়ার কথা ছিল কিন্তু COVID-19 এর প্রত্যক্ষ ফলাফল হিসাবে যোগদান করতে পারেননি;
- COVID-19 এর ফলে পরিবারের কর্তার মৃত্যু হওয়ার জন্য কারণে যিনি পরিবারের মুখ্য উপার্জনক্ষম ব্যক্তি হয়ে পড়েছেন;
- COVID-19 এর প্রত্যক্ষ ফলাফল হিসেবে যারা তাদের চাকরি ছেড়ে দিয়েছেন;
- COVID-19 এর প্রত্যক্ষ ফলাফল হিসেবে যাদের কর্মক্ষেত্র বন্ধ হয়ে গেছে;
- যাদের কাজের অভিজ্ঞতা অপর্যাপ্ত এবং COVID-19 দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে; এবং
- নিয়মিত বা সম্প্রসারিত বেকারত্ব বিমার জন্য অন্য কোনো ভাবে যোগ্য না হওয়া এবং COVID-19 দ্বারা ক্ষতিগ্রস্ত নিউইয়র্কবাসী

উপরন্তু, খাদ্য সম্পর্কিত নিরাপত্তার অভাবে ভোগা নিউইয়র্কবাসীদের মনে করিয়ে দেওয়া হচ্ছে যে সমগ্র স্টেট জুড়ে সংস্থান উপলভ্য। এখানে ফিডিং আমেরিকার (Feeding America) ওয়েবসাইটে গিয়ে সহায়তা প্রার্থী যে কেউ, নিউইয়র্ক স্টেট এর সহায়তাপ্রাপ্তগুলি সহ, একটি স্থানীয় খাদ্য ভান্ডার খুঁজে পেতে পারেন।

বেকারত্ব বিমার সুবিধাবলী পাওয়ার যোগ্য সমস্ত নিউইয়র্কবাসী যেন তাদের প্রাপ্য সমস্ত সুবিধাবলী পান তা নিশ্চিত করতে নিউইয়র্ক স্টেট শ্রম দপ্তর অঙ্গীকারবদ্ধ। একটি বেকারত্ব বিমার দাবি ফাইল করতে ইচ্ছুক নিউইয়র্কবাসীদের labor.ny.gov ভিজিট করতে হবে বা টেলিফোন ক্লেম সেন্টারে (Telephone Claim Center) (888) 209-8124 নম্বরে ফোন করতে হবে। নিচে কিছু রিসোর্স দেওয়া হল যা নিউইয়র্কবাসীদের তাদের দাবি ফাইল করতে সহায়তা করবে:

[অতিমারীর কারণে হওয়া বেকারত্বকে সহায়তা করা সম্পর্কিত তথ্যপত্র]

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন